



সূত্র : মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-২৭/

তারিখ : ২০ বৈশাখ ১৪২৬  
২৭ এপ্রিল ২০১৯

অভিযোগনামা।

যেহেতু, আপনি সরদার মোঃ আব্দুল জব্বার মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক হিসেবে কর্মরত অবস্থায় ০১/০৫/২০০৭ তারিখে কানাডাছ University of Toronto Scarborough তে PhD. Program এ অধ্যয়নের জন্য ০১ (এক) বছরের শিক্ষা ছুটি নিয়ে তথায় গমন করেন। পরবর্তীতে আপনার আবেদনক্রমে শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ৩০/০৪/২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। আপনি সর্বমোট ০৬ (ছয়) বছর শিক্ষা ছুটি ভোগ করেন। আপনার শিক্ষা ছুটির মেয়াদ গত ৩০/০৪/২০১৩ তারিখে শেষ হওয়া সত্ত্বেও আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নিয়মবহির্ভূতভাবে ০১/০৫/২০১৩ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনি শিক্ষা ছুটি শেষ হওয়া সত্ত্বেও কর্মস্থলে যোগদান করেননি। অধিকন্তু আপনাকে ২৬/০৮/২০১৪ তারিখে রেজিস্ট্রার অফিসের মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-২৭/২৭৩৫ নং স্মারকে বিভাগের কর্তব্যকাজে যোগদানের জন্য অনুরোধ করা হয়। তারপরও আপনি যোগদান না করে কর্মস্থলে অনুপস্থিত আছেন; এবং

যেহেতু, আপনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে ০১/০৫/২০১৩ তারিখ হতে ছুটি ব্যতীত নিয়মবহির্ভূতভাবে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন যা ২০১৮ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা অনুযায়ী গুরুতর অপরাধ।

সেহেতু, এক্ষণে আপনাকে উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (আপীল ও শৃঙ্খলা) বিধিমালা ২০১৮ এর ৩ (গ) ধারা অনুযায়ী Desertion (পলায়ন) এর দায়ে অভিযুক্ত করা হলো এবং এ বিধিমালার ৪(৫) (ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না তা অত্র পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট যথাযথ কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আপনি ব্যক্তিগতভাবে গুনানির ইচ্ছা পোষন করুন কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণীর এক প্রত্ন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।



(ড. মোহাঃ তোহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।

জনাব সরদার মোঃ আব্দুল জব্বার  
প্রভাষক  
এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স  
ম্যানেজমেন্ট বিভাগ  
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়  
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২  
jabberesnm@yahoo.com

Mr. Sardar M. A. Jabber  
3702-2371 LAM CIRCLE  
VICTORIA, BRITISH  
COLUMBIA V8N6K8,  
CANADA


জনাব সরদার মোঃ আব্দুল জব্বার  
প্রযত্নে : সরদার মোঃ রফিক  
উদ্দিন  
গ্রাম : বালিয়াডাঙ্গী  
ডাকঘর : নাজিরগঞ্জ  
উপজেলা : সুজানগর  
জেলা : পাবনা।

জনাব সরদার মোঃ আব্দুল জব্বার  
প্রযত্নে : মোঃ কামরুজ্জামান  
বাড়ী নং # ৩৫৮  
রোড নং # ৪, ফ্ল্যাট # ৫(বি)  
বায়তুল আমান হাউজিং সোসাইটি  
আদাবর, ঢাকা।

অভিযোগ বিবরণী

আপনি জনাব সরদার মোঃ আব্দুল জব্বার মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক পদে চাকরিরত অবস্থায় Ph.D. Program এ অধ্যয়নের জন্য ০১/০৫/২০০৭ তারিখে সবেতনে ০১ (এক) বছরের শিক্ষাছুটি নিয়ে University of Toronto Scarborough, Canada এ গমন করেন। পরবর্তীতে আপনার শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ৩০/০৪/২০১২ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছর পূর্ণ বেতনে এবং ০১/০৫/২০১২ তারিখ হতে ৩০/০৪/২০১৩ তারিখ পর্যন্ত আরো ০১ (এক) বছর অর্ধগড় বেতনে বর্ধিত করা হয়। আপনি সর্বমোট ০৬ (ছয়) বছর শিক্ষা ছুটি ভোগ করেন। শিক্ষা ছুটি শেষে আপনার ০১/০৫/২০১৩ তারিখে কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও যোগদান না করে আপনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য আপনাকে ২৬/০৮/২০১৪ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-০২/পি-২৭/২৭৩৫ (নং) পত্রের মাধ্যমে অবিলম্বে বিভাগের কর্তব্যকাজে যোগদান করার জন্য অনুরোধ করা হয়। তা সত্ত্বেও আপনি কাজে যোগদান করেননি।

সর্বপরি আপনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে ছুটি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে ০১/০৫/২০১৭ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩ (গ) ধারা অনুযায়ী Desertion (পলায়ন) হিসেবে গণ্য। আপনি বর্ণিত ধারা মোতাবেক Desertion (পলায়ন) এর দায়ে অভিযুক্ত হয়েছেন।



(ড. মোহাঃ তোহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।